"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১৯.২৩.০০১.১৭- ২৫১

তারিখঃ ০৯আক্টোবর, ২০১৮খ্রিঃ।

বিষয় : ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কার্যক্রম গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৭.১৮-৭৬০, তারিখ : ০৪ অক্টোবর, ২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশানর আলোকে ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্দি এবং সংগ্রামী ইতিহাস জানানোর উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরী গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃতি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতার আয়োজন সংক্রান্ত প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

৮.১০.২০১৮
(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৫ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ।

৬-৫৫ । অধ্যক্ষ, .................................. পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৬-১১৯ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ..................................................

১২০-১২৩ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা।

**বিষয়** : ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কার্যক্রম গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

**সভাপতি** : এ.কে. এম জাকির হোসেন ভূঞা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
**তারিখ** : ০৩ অক্টোবর, ২০১৮খ্রিঃ।
**সময়** : বেলা ১.০০ ঘটিকা।
**সভার স্থান:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর অফিস কক্ষ ।
**উপস্থিত তালিকা:** পতাকা-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন-১) সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন যে, ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানানোর উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতার আয়োজন সংক্রান্ত গত ২৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ তিনি তুলে ধরেন:

ক) প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ তারিখে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।

খ) প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। গ্রুপ-ক: শিশু থেকে পঞ্চম শ্রেণি, গ্রুপ-খ: ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি এবং গ্রুপ:-গ: নবম থেকে দ্বাদশ শ্রেণি। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে এ কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে।

ঘ) সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অধীন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে দ্রুত বরাদ্দ প্রদান করবে। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত অর্থ পুনর্বরাদ্দ করবেন। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে।

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

১। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত পত্র ও কার্যবিবরণী দু'টি এ বিভাগের অধিন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হবে। দপ্তর/সংস্থাগুলি মন্ত্রিপরিষদ বিভাগের পত্র ও কার্যবিবরণীগুলি স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণপূর্বক উল্লিখিত কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে।

২। স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসা বলতে দাখিল, আলিম, ফাজিল, কামিল ও সরকারি অনুদানভুক্ত ইবতেদায়ি মাদ্রাসা (যারা সরকারি বেতনভুক্ত) তাদের বুঝাবে। এই সকল প্রতিষ্ঠানের উপজেলা ওয়ারী তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা বোর্ড পৃথকভাবে আগামী ০৪-১০-২০১৮ তারিখের মধ্যে এ বিভাগকে সরবরাহ করবে। উপজেলা ওয়ারী প্রাপ্ত তালিকা স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকগণের নিকট প্রেরণ করা হবে।

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা বোর্ড তাদের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপজেলা ওয়ারী তালিকা পৃথকভাবে আগামী ০৪-১০-২০১৮ তারিখের মধ্যে এ বিভাগকে সরবরাহ করবে। উপজেলা ওয়ারী প্রাপ্ত তালিকা স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকগণের নিকট প্রেরণ করা হবে।

৪। সভায় আলোচনার প্রেক্ষিতে প্রাথমিকভাবে ১০৮৫৫টি (৯৩৩৬টি মাদ্রাসা + ১৫১৯টি ইবতেদায়ি)মাদ্রাসা এবং ৪৫৩৫টি স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান নিরূপিত হয়। অর্থাৎ মোট ১৫৩৯০টি শিক্ষা প্রতিষ্ঠান নিরূপিত হয়। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে ২০০০/- টাকা হিসেবে মোট ৩,০৭,৮০,০০০/-(তিন কোটি সাত লক্ষ আশি হাজার) টাকা প্রয়োজন হবে (প্রাথমিক হিসাবে)। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রাপ্তির পর আনুমানিক ৩,১০,০০০০০/- (তিন কোটি দশ লক্ষ) টাকা এ কর্মসূচির ব্যয় বাবদ বরাদ্দের জন্য অর্থ বিভাগে এ বিভাগের বাজেট শাখা প্রস্তাব প্রেরণ করবে।

৫। আলোচ্য কর্মসূচি সফল করার স্বার্থে মাদ্রাসা অধিদপ্তর "ইবতেদায়ি বেতন ভাতা খাত" (খাত নং-৩৬৩১১০১ বাজেট বইয়ের পত্র পৃষ্ঠ-৬৮) থেকে ১,০০০০০০০/- (এক কোটি) টাকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি খাতে হস্তান্তর করবে। অনুরূপভাবে কারিগরি অধিদপ্তর ১,৫০,০০০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করবে।কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি খাতে হস্তান্তর করবে। অবশিষ্ট আনুমানিক ৬০,০০০০০/- (ষাট লক্ষ) টাকা এ বিভাগের অনুকূলে গবেষণা খাতে বরাদ্দকৃত টাকা হতে উপযোজনের মাধ্যমে অনুষ্ঠান/উৎসবাদি খাতে পুন:উপযোজনসহ অর্থ খরচের অনুমোদন প্রদানের জন্য এ বিভাগের বাজেট শাখা হতে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে।

৬। প্রতিটি উপজেলায় যতটি শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা স্তরের) আছে সেই মোতাবেক প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ২০০০/- টাকা হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অর্থ বরাদ্দ করা হবে। তবে বরাদ্দের পূর্বে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া হবে। সেই মোতাবেক এ বিভাগের বাজেট শাখা অর্থ মন্ত্রণালয়কে পত্র দিবে।

৭। যে সকল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান উপজেলার আওতাভুক্ত নয় (যেমন-ঢাকা মেট্রোপলিটন এলাকাভুক্ত মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানের টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে। জেলা প্রশাসকগণ তার আওতাভুক্ত মেট্রোপলিটন এলাকায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (এই বিভাগ কর্তৃক প্রেরিত তালিকা অনুযায়ী) পুনরায় উক্ত অর্থ বরাদ্দ দিবেন।

৮। তালিকাভুক্ত মাদ্রাস ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকগণের সহিত যোগাযোগপূর্বক উক্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-০৪.১০.১৮
(এ.কে. এম জাকির হোসেন ভূঁঞা)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৭.১৮.৭৬০

তারিখ ঃ ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ / ০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

<u>বিতরণ (সদয় কার্যার্থে):</u>

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৬। যুগ্মসচিব (উন্নয়ন),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (এসডিজি সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(সৈয়দ আসগর আলী) ৪/১০/১৮
সহকারী সচিব (সমন্বয়)
jstmed7@gmail.com